



বাংলাদেশ জুট মিলস কর্পোরেশন
আদমজী কোর্ট, মতিঝিল, ঢাকা
প্রসিডিং বিভাগ।

স্মারক নং ২৪.০৪.০০০০.২০৭.০৯.১২৬.২৬- ২৪

তারিখঃ ১৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১ মার্চ ২০২৬ খ্রিঃ

বিজেএমসি'র নিয়ন্ত্রণাধীন ইউএমসি জুট মিলস লিঃ এর উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) ও প্রকল্প প্রধান [প্রাক্তন প্রকল্প প্রধান, বাংলাদেশ জুট মিলস লিঃ, ঘোড়াশাল, নরসিংদী] জনাব আবুল কাসেম মোহাম্মদ হান্নান এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নম্বর প্রসি/বিঃমাঃ ১২৬ (বাংলাদেশ)/২৬ এর বাংলাদেশ জুট মিলস কর্পোরেশনের কর্মচারী চাকুরী প্রবিধানমালা ১৯৯০ এর প্রবিধি ৪৩(৬) এর বিধানমতে

দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি জনাব আবুল কাসেম মোহাম্মদ হান্নান, উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) ও প্রকল্প প্রধান, ইউএমসি জুট মিলস লিঃ, [প্রাক্তন প্রকল্প প্রধান, বাংলাদেশ জুট মিলস লিঃ, ঘোড়াশাল, নরসিংদী]। আপনি বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও বিজেএমসি'র উর্দ্ধতন কর্মকর্তাদের নাম ভাঙ্গিয়ে লক্ষ লক্ষ টাকা ঘুষ গ্রহণ করেন, মিলের গাড়ী ডাইভারের দ্বারা না চালিয়ে আপনি নিজে গাড়ী চালিয়ে দুর্ঘটনার কবলে পড়লে তা মেরামত করতে মিলের ০৫ (পাঁচ) লক্ষ টাকা নিয়ম বহির্ভূতভাবে খরচ করে করপোরেশন/মিলের আর্থিক ক্ষতি করেন, মিলের জমিতে কল্যাণ তহবিলের অর্থ ব্যয় করে তৈলবীজ জাতীয় ফসল উৎপাদন করে উৎপাদিত ফসলের বিক্রয়লব্ধ অর্থ মিলের কোষাগারে জমা না দিয়ে নিজে আত্মসাৎ করেন, মিলের বাংলা মেরামতের কাজ নামমাত্র একজন ঠিকাদার বা দরপত্রের বিপরীতে দেখিয়ে নিজেই বিভাগীয়ভাবে কাজ করিয়ে বিপুল পরিমাণ অর্থ আত্মসাৎ করেন, ক্ষমতার অপব্যবহার করে মিলে কর্মরত বিভাগীয় লোক দিয়ে গরু-ছাগল, হাঁস-মুরগী পালন করেছেন এবং নামমাত্র মূল্যের দরপত্র দেখিয়ে মিল অভ্যন্তরের পুকুরে বানিজ্যিকভাবে মাছ চাষ করে নিজে আর্থিকভাবে লাভবান হয়ে মিলের আর্থিক ক্ষতি সাধন করেন, মিলের বিভিন্ন মালামাল ও ফলমূল প্রাক্তন বিদ্যুৎ বিভাগীয় প্রধানের মাধ্যমে নিজ বাড়িতে প্রেরণ করে নিজ স্বার্থে ব্যবহার করে করপোরেশন/মিলের আর্থিক ক্ষতি ও চাকুরীর শৃঙ্খলা ভঙ্গ করেন, কল্যাণ তহবিলের অর্থ বিভিন্ন জনের নামে অনুদান দেখিয়ে নিজে আত্মসাৎ করেন এবং ইউএমসি মিলস লিঃ এর অর্থও আত্মসাৎ করেন। ইউএমসি জুট মিলের বিভিন্ন ঠিকাদারের কাজ অর্থের বিনিময়ে একজনকে দিয়ে করিয়ে চাকুরীর শৃঙ্খলা পরিপন্থি কাজ করার দায়ে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, আত্মসাৎ ও তহবিল তসরুপের অভিযোগে আপনার বিরুদ্ধে প্রসি/বিঃমাঃ ১২৬ (বাংলাদেশ)/২৬ নং বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

২। যেহেতু, আপনি গত ১৮/০১/২০২৬ তারিখে বিভাগীয় মামলার অভিযোগনামার জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানী না চাওয়ায় অভিযোগের প্রকৃত বিষয় উদ্ঘাটনের লক্ষ্যে গত ২০/০১/২০২৬ তারিখে ৩(তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়। গত ১০/০২/২০২৬ তারিখে তদন্ত কমিটি দ্বারা দাখিলকৃত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে আনীত দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, আত্মসাৎ ও তহবিল তসরুপের অভিযোগ প্রমাণিত হয়েছে।

৩। যেহেতু, অভিযোগনামা, তদন্ত প্রতিবেদন, যাবতীয় আনুষঙ্গিক কাগজপত্র ও তথ্যাদি এবং নথি পর্যালোচনায় কর্তৃপক্ষের নিকট আপনার কর্তৃক সংঘটিত কর্মকান্ডের শাস্তি গুরুতর হিসেবে বিবেচিত হওয়ায় বাংলাদেশ পাটকল করপোরেশনের কর্মচারী চাকুরী প্রবিধানমালা ১৯৯০ এর প্রবিধি ৪০(১)(আ) অনুযায়ী গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

৪। সেহেতু, এক্ষণে আপনাকে বাংলাদেশ পাটকল করপোরেশনের কর্মচারী চাকুরী প্রবিধানমালা ১৯৯০ এর প্রবিধি ৪০(১)(আ) অনুযায়ী দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, আত্মসাৎ ও তহবিল তসরুপের দায়ে কেন আপনাকে “গুরুদণ্ড” প্রদান করা হবে না তার জবাব এ পত্র প্রাপ্তির ০৭(সাত) কার্যদিবসের মধ্যে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।

তদন্ত কমিটি কর্তৃক ১০/০২/২০২৬ তারিখে দাখিলকৃত প্রতিবেদনের ফটোকপি আপনার জ্ঞাতার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ দাখিলকৃত প্রতিবেদন।

(মোঃ মামনুর রশিদ)

মহাব্যবস্থাপক (প্রশাসন ও সাধারণ সেবা)

ও

মুখ্য পরিচালন কর্মকর্তার দায়িত্বে

জনাব আবুল কাসেম মোহাম্মদ হান্নান
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) ও
প্রকল্প প্রধান, ইউএমসি জুট মিলস লিঃ
[প্রাক্তন প্রকল্প প্রধান, বাংলাদেশ জুট মিলস লিঃ]।
স্বর্ণসূতা, নরসিংদী।

[অপর পৃষ্ঠায় দৃষ্টব্য]

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)। [ই-মেইল যোগে]

- ০১। মহাব্যবস্থাপক (প্রশাসন ও সাঃ সেবা), বিজেএমসি, ঢাকা।
- ০২। উপ-মহাব্যবস্থাপক (এমআইএস), বিজেএমসি, ঢাকা [সংস্থার ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ০৩। প্রকল্প প্রধান, বাংলাদেশ/ ইউএমসি জুট মিলস লিঃ, নরসিংদী।
- ০৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিজেএমসি, ঢাকা।
- ০৫। অফিস কপি/মাষ্টার ফাইল।

Rimam
০২/০৬/২০২১

০২/০৬/২০২১

সচিব, প্রশাসন ও সাঃ সেবা, বিজেএমসি

সচিব, চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব

সচিব, প্রশাসন ও সাঃ সেবা, বিজেএমসি
সচিব, চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব